JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/14/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো গ্রীষ্মকালীন কৃষকদের বাজারের সিজিনের শুভারম্ভের কথা ঘোষণা করেছেন

সমগ্র স্টেট জুড়ে 700টিরও বেশি বাজার নিউ ইয়র্কবাসীদের তাজা, পুষ্টিকর, স্থানীয়ভাবে উত্পাদিত খাবার প্রদান করবে

অংশগ্রহণকারী বাজারগুলি খাদ্য সহায়তা কর্মসূচির মাধ্যমে নিম্ন-আয়ের পরিবারবর্গকে পুষ্টিকর ফল এবং শাকসব্জিতে অ্যাক্সেস প্রদান করতে সহায়তা করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে কৃষকদের বাজারের পিক সিজিনের কথা ঘোষণা করেছেন, যেখানে সমগ্র স্টেটের 700টিরও বেশি বাজার নিউ ইয়র্কবাসীদের তাজা, স্থানীয়ভাবে জন্মানো ও উত্পাদিত খাদ্য এবং পানীয়ে অ্যাক্সেস প্রদান করবে। ফ্রেশকানেক্টের (FreshConnect) মতো কর্মসূচির জন্য ধন্যবাদ। নিউ ইয়র্কের কৃষকরাও পিক সিজিনের থেকে সুবিধা পাবেন যেহেতু কৃষকদের বাজার কৃষক এবং উত্পাদনকারীদের বিক্রয় বৃদ্ধি করতে এবং নতুন উপভোক্তাদের কাছে পৌঁছাতে সহায়তা করবে। কৃষকদের বাজারের একটি মানচিত্র এখানে এবং কৃষকদের বাজারের একটি পূর্ণাঙ্গ তালিকা এখানে উপলভ্য।

"এম্পায়ার স্টেট একটি উঠতি কৃষিভিত্তিক শিল্পের পীঠস্থান, এবং নিউ ইয়র্কের স্থানীয় কৃষক এবং উত্পাদনকারীদের নিউ ইয়র্কবাসীদের রসনাতৃপ্তির জন্য যা প্রয়োজন তা তাদের কাছে পৌঁছে দেওয়ার যথাযথ সুযোগ হল কৃষকদের বাজার সিজিন", **গভর্নর কুওমো বলেন।** "যেহেতু এই বাজারগুলি কৃষকদের তাদের নতুন পণ্যসমূহ নতুন উপভোক্তাদের কাছে বিক্রয় করার সুযোগ করে দেয়, সেহেতু সমস্ত আয়ের স্তরের নিউ ইয়র্কবাসীদের তাদের স্থানীয় কৃষকদের বাজারে গিয়ে একটি স্বাস্থ্যকর, সুষম খাদ্যের জন্য উপলভ্য একদম তাজা ফল ও শাকসব্জি পেতে সহায়তাকারী কর্মসূচিগুলিকে সমর্থন করতে পেরে আমরা গর্বিত।"

"বিশ্ব-মানের পণ্য সমৃদ্ধ কৃষি আমাদের উঠতি অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ উপাদান", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "যেহেতু স্টেট জুড়ে কৃষকদের বাজারের সিজিন শুরু হচ্ছে, আমরা নিউ ইয়র্কবাসীদের এই শতাধিক বাজারগুলিতে যাওয়ার এবং সেখানে বিক্রিয় পণ্য ক্রয়ের সুবিধা নিতে উত্সাহিত করি। আমরা চাই সমস্ত মানুষের যেন স্থানীয় কৃষকদের সহায়তা করারীবং দেশের মধ্যে অন্যতম সেরা কিছু পণ্যে অ্যাক্সেস করার সুযোগ থাকে।"

অঞ্চলগুলিতে প্রায় 1.5 মিলিয়ন নিউ ইয়র্কবাসী বসবাস করেন যাদের তাজা ফল এবং শাকসব্জিতে অ্যাক্সেস সীমিত। বঞ্চিত কমিউনিটিগুলিতে তাজা খাবারে অ্যাক্সেস সম্প্রসারণ করার মাধ্যমে,

কৃষকদের বাজার মানুষের পুষ্টি বৃদ্ধিতে সহায়তা করবে। স্টেট কৃষি এবং বাজার দপ্তর (State Department of Agriculture and Markets) বহুবিধ কর্মসূচি পরিচালনা করে যা নিউ ইয়র্কের কৃষকদের অতিরিক্ত বাজার প্রদান করার পাশাপাশি নিউ ইয়র্কবাসীদের ফল এবং শাকসব্জির মতো তাজা খাদ্যে অ্যাক্সেস করার বিষয়টিকে নিশ্চিত করে।

ফার্মার'স মার্কেট নিউট্রিশন প্রোগ্রাম (Farmers' Market Nutrition Program, FMNP)
ফার্মার'স মার্কেট নিউট্রিশন প্রোগ্রাম(FMNP) নারী, সদ্যজাত এবং শিশুদের (Women, Infants and Children, WIC) জন্য বিশেষ সম্পূরক পুষ্টি কর্মসূচিতে (Special Supplemental Nutrition Program)অংশগ্রহণকারী নিম্ন-আয়ের মানুষ এবং যোগ্য প্রবীণদের কৃষকদের বাজার, ফার্মস্ট্যান্ডস এবং মোবাইল মার্কেটগুলি থেকে স্থানীয় ভাবে উত্পন্ন তাজা ফল, শাকসব্জি এবং মশলাপাতি ক্রয় করার সুযোগ দেয়।

পরিবারগুলির WIC দের মধ্যে মোট একটি 6.8 মিলিয়ন ডলারের FMNP সুবিধা উপলভ্য। পাঁচটি 4 ডলারের চেক, বা মোট 20 ডলারের চেক থাকা প্রায় 340,000 বুকলেট এই বছরে উপলভ্য, যা স্টেট জুড়ে 600রও বেশি কৃষকদের বাজার, ফার্ম স্ট্যান্ডস এবং চলমান বাজারে বিক্রয়রত 900রও বেশি কৃষকদের থেকে তাজা, স্থানীয়ভাবে উত্পন্ন ফল ও শাকসব্জি ক্রয়ের সুযোগ প্রদান করবে।

আয়ের দিক থেকে যোগ্য, 60 বা তার বেশি বয়সী প্রবীণদের জন্য সিনিয়র FMNP কর্মসূচির মাধ্যমে 20 ডলার মূল্যের স্থানীয়ভাবে উত্পন্ন,তাজা ফল ও শাকসব্জি ক্রয় করার জন্য ও প্রায় 3 মিলিয়নের সুযোগসুবিধা উপলভ্য। কর্মসূচিটির পরিসর প্রবীন নিউ ইয়র্কবাসীদের কাছে সম্প্রসারিত করে, কর্মসূচির সুবিধাগুলি একটি স্বতন্ত্র্য ভিত্তিতে প্রদান করা হয়।

আপস্টেট কমিউনিটিগুলিতে, চেকগুলি 1লা জুলাই থেকে শুরু করে কাউন্টি অঞ্চলের বয়স্কদের জন্য কার্যালয় (Offices for the Aging) দ্বারা বন্টিত হয়। 311 নম্বরে ফোন করে এবং একটি ডিরেক্টরির অনুরোধ জানিয়ে নিউ ইয়র্ক সিটির অধিবাসীরা কোথায় সুযোগ সুবিধাগুলি পাওয়া যাবে তা জেনে নিতে পারবেন।

দি সিনিয়র এবং WIC FMNP নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দি এজিং (New York State Office for the Aging), নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট ফর দি এজিং (New York City Department for the Aging) এবং নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের (New York State Department of Health) সহযোগিতায় পরিচালিত হয়। FMNP সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে এখানে ক্লিক করুন। FMNP তে নথিভুক্ত কাউন্টি দ্বারা অনুমোদিত বাজারগুলির একটি তালিকা দেখতে, অনুগ্রহ করে ডিপার্টমেন্টের ওয়েবসাইট দেখুন।

ফ্রেশকানেক্ট চেকস কর্মসূচি (FreshConnect Checks Program)
ফ্রেশকানেক্ট চেকস সমস্ত অবসরপ্রাপ্ত সেনা, সার্ভিস মেম্বার এবং তাদের পরিবারের নিকট সদস্যদের জন্য ডিভিসন অফ ভেটারেন্স' সার্ভিসেস (Division of Veterans' Services, DVS) এর অফিসে আগে এলে আগে পাবেন ভিত্তিতে উপলভ্য। ফ্রেশকানেক্ট চেকস পাওয়া এবং ব্যবহার করার জন্য

অবসরপ্রাপ্ত সেনা, সার্ভিস মেম্বার এবং তাদের পরিবারের নিকট সদস্যদের কোনো সহায়তা কর্মসূচির কোনো প্রাপক হতে হবে না। আরও তথ্য, এবং একটি DVS কার্যালয় খুঁজে দেখতে, অনুগ্রহ করে 1-888-838-7697 নম্বরে ফোন করুন।

ফ্রেসকানেক্ট চেকস সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutrition Assistance Program, SNAP) প্রাপকদের অংশগ্রহণকারী বাজারগুলিতে তাদের ব্যবহার করা সুবিধার প্রতি 5 ডলারের জন্য একটি 2 ডলার ইনসেনটিভ প্রদান করে। ইনসেনটিভটি তাদের ক্রয় ক্ষমতা 40 শতাংশ বৃদ্ধি করার পাশাপাশি স্থানীয় কৃষকদেরও সহায়তা করবে।

উপরন্তু, কৃষকদের বাজারে SNAP সুবিধাগুলির উপলভ্যতা নিশ্চিত করতে ডিপার্টমেন্টটি স্টেটের সাময়িক প্রতিবন্ধকতা সহায়তা কার্যালয় (Office of Temporary Disability Assistance, OTDA) এর সাথে কাজ করে। SNAP পাওয়া নিউ ইয়র্কবাসী রিটেল স্টোর এবং নির্দিষ্ট কিছু কৃষকদের বাজার এবং ফার্ম স্ট্যান্ডসে খাবার ক্রয় করার জন্য তাদের ইলেকট্রনিক বেনিফিট ট্র্যান্সফার কার্ডগুলি (Electronic Benefit Transfer cards) ব্যবহার করতে পারবেন। SNAP গ্রহণকারী বাজারগুলির একটি তালিকা এখানে উপলভ্য।

স্থানীয় কৃষিকে সমর্থন করতে স্টেট অনবরত কৃষকদের বাজারগুলিতে SNAP সুবিধাগুলি ব্যবহার করতে উত্সাহিত করেছে। এই প্রচেষ্টার একটি ফলাফল হিসাবে, প্রায় 2.7 মিলিয়ন নিম্ন-আয়ের নিউ ইয়র্কবাসী প্রতি বছর স্টেটের বিভিন্ন অঞ্চলে উত্পাদিত স্বাস্থ্যকর এবং পুষ্টিকর খাদ্য ক্রয় করতে তাদের সুবিধাগুলি ব্যবহার করেন। শুধুমাত্র 2018 সালেই, OTDA 121টি বাজারে 104,066টি লেনদেনের মাধ্যমে 2.3 মিলিয়ন ডলার প্রক্রিয়াকরণ করেছে। এজেন্সিটি গ্রীন কার্টস, ফার্ম স্ট্যান্ডস এবং মোবাইল মার্কেটগুলি সহ 199টি স্থানে স্থানীয়ভাবে জন্মানো বা উত্পাদিত খাদ্যগুলিতে সুবিধাগুলি ভাঙাতে সবমিলিয়ে 2.9 মিলিয়ন ডলার অর্থমূল্যের 156,260টি লেনদেন প্রক্রিয়াকরণ করেছে।

উপরন্তু, নিম্ন-আয়ের পরিবারগুলিকে কৃষকদের বাজারের সাথে সংযোগকারী কর্মসূচিগুলির কার্যকারিতা সম্প্রসারিত এবং বৃদ্ধি করতে স্টেট ক্রমাগত উন্নতি করেছে। সমগ্র স্টেটে 300টিরও বেশি একটি রেকর্ড সংখ্যক কৃষকদের বাজার এখন SNAP সুবিধাগুলি গ্রহণ করে।

কৃষকদের বাজারে লেনদেনগুলি যাতে দক্ষতা বৃদ্ধি করে এবং অপারেটিং খরচ হ্রাস করে, মোবাইল ফোন প্রযুক্তি ব্যবহার করা করা যায় তা নিশ্চিত করতে স্টেট বেসরকারী সংস্থাগুলির সাথেও কাজ করছে। এই বছরের গোড়ার দিকে, স্কোয়ার আইএনসি. (Square Inc.) একটি সান ফ্রান্সিসকো ভিত্তিক আর্থিক পরিষেবা সংস্থা, সমগ্র স্টেটের কৃষকদের বাজারে লেনদেনগুলি প্রক্রিয়াকরণ করতে ব্যবহার করা মোবাইল মার্কেট+ ইলেকট্রনিক বেনিফিট ট্রানস্ফার প্ল্যাটফর্মের অবিরত সম্প্রসারণে সহায়তা করতে নোভা ডিও গ্রুপে (Novo Dia Group) 2 মিলিয়ন বিনিয়োগ করেছে।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "আমরা যেহেতু ফলনের সিজিনটি শুরু করছি, আমাদের আবার স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে আমাদের ভাগ্য কত ভালো যে পুষ্টিকর, স্থানীয়ভাবে উত্পাদিত খাদ্য এবং পানীয় পাওয়ার জন্য আমাদের কাছে কত বিকল্প আছে। আমাদের প্রবীন

এবং নিম্ন-আয়ের অধিবাসীদের এবং পারিবারগুলির এই উচ্চ-মানের খাদ্যে অ্যাক্সেস থাকা নিশ্চিত করতে, নিউ ইয়র্ক স্টেট অংশগ্রহণকারী বাজারগুলিতে বিক্রিত উত্পাদিত পণ্যে উপভোক্তাদের ক্রয়ক্ষমতা বৃদ্ধিকারী বহুবিধ কর্মসূচির প্রস্তাব দেয়। আমাদের কৃষকদের বাজার থেকে পুষ্টকর খাদ্যগুলি ক্রয় করতে আরও নিউ ইয়র্কবাসীদের সহায়তা করার মাধ্যমে, আমাদের কৃষকেরা এবং সেইসাথে কমিউনিটিও উপকৃত হয়।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিং এর ভারপ্রাপ্ত পরিচালক গ্রেগ ওলসেন বলেন, "দেশের মধ্যে অগ্রণী নিউ ইয়র্কের পুষ্টি কর্মসূচিগুলি আমাদের স্টেটের 4.3 মিলিয়নেরও বেশি প্রবীনদের স্বাস্থ্য এবং স্বাধিনতা বজায় রাখতে সহায়তা করার জন্য গুরুত্বপূর্ণ। বয়স্কদের স্বাস্থ্যরক্ষার একটি মূল উপাদান হল একটি স্বাস্থ্যকর খাদ্য, এবং সিনিয়র ফার্মারস' মার্কেট নিউট্রিশন প্রোগ্রাম, যেটি নিম্ন-আয়ের প্রবীনদের তাজা, স্থানীয়ভাবে উত্পাদিত ফল এবং শাকসব্জিতে অ্যাক্সেস প্রদান করে, সেটি নিউ ইয়র্ককে দেশের মধ্যে সবথেকে সুস্থ স্টেট বানাতে এবং সব বয়সের মানুষদের বেড়ে উঠতে এবং প্রবীন হতে আমাদের প্রচেষ্টাগুলিকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।"

নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য বিভাগের কমিশনার ডঃ হাওয়ার্ড জুকার বলেন, "পুষ্টি এবং সামগ্রিক স্বাস্থ্যের জন্য তাজা ফল এবং শাকসব্জিতে অ্যাক্সেস গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্কবাসীরা যাতে তাদের আয়ের স্তর নির্বিশেষে স্টেটের কৃষকদের বাজারের এই বিশাল বৈচিত্র্যের সুবিধা নিতে পারে তা নিশ্চিত করতে আমরা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার এবং মার্কেটসের সাথে অংশীদারীত্ব করতে পেরে আনন্দিত।"

OTDA কমিশনার মাইক হেইন বলেছেন, "নিম্ন-আয়ের পরিবারগুলিকে সমগ্র স্টেটের কৃষকদের বাজারের সাথে সংযুক্ত করা সবদিক থেকেই একটি বিজয়। আমরা শুধু পরিবারগুলিকে স্বাস্থ্যকর খাদ্যাভাসেই অভ্যস্ত করছি না, সেইসাথে আমরা নিউ ইয়র্কের কৃষি ভিত্তিক শিল্পের জীবনীশক্তি কৃষিক্ষেত্র এবং ছোটো ব্যবসাগুলিকেও সহায়তা করছি। আগের থেকেও অনেক বেশি কৃষকদের বাজার খাদ্য সহায়তা কর্মসূচিগুলির থেকে সুবিধাগুলি গ্রহণ করতে দেখে আমরা আনন্দিত এবং আশা করব যে এই সম্প্রসারণ আরও বেশি পরিবারকে স্থানীয় কৃষিকে সমর্থন করতে উত্সাহিত করবে।"

নিউইয়র্ক স্টেট ভেটেরান্স সার্ভিসেসের ডিরেক্টর জেমস ম্যাকডোনা বলেছেন, "দি ফ্রেসকানেক্ট চেকস প্রোগ্রাম আমাদের অবসরপ্রাপ্ত সেনাকর্মীদের সুবিধার উপদেষ্টাদের (Veterans Benefits Advisors) অবসরপ্রাপ্ত সেনাকর্মী এবং সার্ভিস মেম্বারদের মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীতে তাদের সার্ভিস এবং তাদের অর্জিত সুবিধাগুলিতে অ্যাক্সেস করতে আমরা কিভাবে সহায়তা করতে পারি তার সাথে বিজরিত হতে একটি গুরুত্বপূর্ণ পরিসর বৃদ্ধি এবং পরিকল্পনামূলক উপায় প্রদান করে। অবসরপ্রাপ্ত সেনাকর্মী এবং সার্ভিস ফ্রেসকানেক্ট প্রোগ্রামটি একটি অমূল্য, একটি আলাদা ধরণের উপায়।"

প্রতিনিধি নিতা লোউই বলেন, "তাজা ফল এবং শাকসব্জি একটি স্বাস্থ্যকর খাদ্যের জন্য গুরুত্বপূর্ণ, এবং সমগ্র স্টেটে কৃষকদের বাজারে প্রস্তাবিত প্রোগ্রামগুলির মাধ্যমে, প্রত্যেক নিউ ইয়র্কবাসীর এই

পুষ্টিকর খাদ্যগুলি অ্যাক্সেষ করতে পারবেন। হাউজ অ্যাপ্রোপ্রিয়েশন কমিটির (House Appropriations Committee) চেয়ারওম্যান হিসাবে, 2020 আর্থিক বছরে কৃষি দপ্তরের জন্য ব্যয়ের বিল, যেটি আইনসভা পরের সপ্তাহে বিবেচনা করবে, সেটি ট্রাম্প প্রশাসনের WIC কৃষকদের বাজার পুষ্টি কর্মসূচি (WIC Farmers' Market Nutrition Program) প্রত্যাহার করার বিষয়টিকে প্রত্যাখান করবে এবং পরিবর্তে এই গুরুত্বপূর্ণ উদ্যোগটির জন্য অর্থ সরবরাহ বহাল রাখবে।"

প্রতিনিধি শন প্যাট্রিক ম্যালনি বলেন, "সমগ্র হাডসন ভ্যালিতে আপনি তাজা, স্থানীয়ভাবে উত্পাদিত পণ্য দেখতে পাবেন, কিন্তু নিম্ন-আয়ের পরিবারবর্গের প্রায়শই এই পুষ্টিকর খাদ্যগুলি ক্রয় করার সামর্থ থাকে না, যা তাদের একটি সুষম খাদ্যে অ্যাক্সেস সীমিত করে। আমি গর্বিত যে SNAP এর মতো যুক্তরাষ্ট্রীয় সহায়তাপ্রাপ্ত কর্মসূচিগুলির মাধ্যমে, আমরা সমস্ত নিউ ইয়র্কবাসীদের সেইসকল খাদ্য প্রদান করতে সহায়তা করতে পারছি আগে যেগুলি তাদের আয়ত্বের বাইরে ছিল।"

সেনেটর জেন মেটজের, সেনেট এগ্রিকালচারাল কমিটির সভাপতি, বলেছেন, "সৃজনশীল স্টেট কর্মসূচিগুলির সহায়তায়, খাদ্যে নিরাপত্তার অভাব দূরীকরণে এবং তাজা, পুষ্টিকর স্থানীয়ভাবে-উত্পাদিত খাদ্যগুলিতে সাশ্রয়ী অ্যাক্সেস সম্প্রসারিত করতে কৃষকদের বাজারগুলি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ফার্মারস' মার্কেট নিউট্রিশন প্রোগ্রাম (FMNP) এবং ফ্রেস্কানেক্ট চেকস এবং সেইসাথে কৃষকদের বাজারে SNAP এর গ্রহণোযোগ্যতা, একত্রে নিউ ইয়র্কের কৃষিক্ষেত্রে উত্পাদিত উচ্চ মানের খাদ্যগুলি উপভোগ করতে প্রবীন এবং নিম্ন-আয়ের অধিবাসীদের সক্ষম করে তুলেছে। অর্থের নিরিখে খাদ্য নির্বাচনের বিচক্ষণতা হল এমন একটি বিষয় যা আমাদের ছোটো ফার্মগুলিকে টিকিয়ে রাখে এবং সেইসাথে সবথেকে ঝুঁকিতে থাকা নাগরিকদের তাজা এবং পুষ্টিকর খাদ্যদ্রব্যে অ্যাক্সেস নিশ্চিত করতে পারে।"

বিধানসভার সদস্যা ডোনা লুপার্ডো, কৃষি সম্পর্কিত অ্যাসেম্বলি কমিটির সভাপতি, বলেছেন, "গ্রীষ্মের অন্যতম আকর্ষণীয় বিষয় হল আমাদের স্থানীয় কৃষকদের থেকে তাজা খাদ্য উপভোগ করা। কৃষকদের বাজার হল ছোটো ফার্ম ব্যবসাগুলিকে সহায়তা করার এবং উপভোক্তাদের জন্য তাজা, স্বাস্থ্যকর খাদ্যে অ্যাক্সেস উন্নত করতে সহায়তা করার একটি গুরুত্বপূর্ণ অংশ। প্রবীন এবং নিম্ন-আয়ের অধিবাসীরাও যাতে গ্রীষ্মের সেরা স্বাদ উপভোগ করতে পারেন তা নিশ্চিত করতে স্টেট আরও এক ধাপ এগিয়ে গেছে।"

নিউ ইয়র্ক ফার্মারস মার্কেট ফেডারেশন এক্সিকিউটিভ ডিরেক্টর ডিয়ানে এগার্ট বলেছেন, "এই বসন্তের বৃষ্টি এবং শীতল দিনের প্রতিবন্ধকতা সত্ত্বেও, নিউ ইয়র্কের কৃষকরা ফার্মারস মার্কেট সিজিনের শুরু সম্পর্কে আগ্রহী এবং আবহাওয়ার প্রতিবন্ধকতা সত্ত্বেও স্থানীয় খাদ্যগুলি বাজারে নিয়ে আসার উপায় খুঁজে পেয়েছেন। তাদের এই প্রচেষ্টা এবং উদ্যোগের জন্য আমি তাদের সাধুবাদ জানাই এবং কৃষকদের এই প্রচেষ্টাকে সমর্থন করতে নিউ ইয়র্কের উপভোক্তাদের তাদের স্থানীয় কৃষকদের বাজার থেকে ক্রয় করার, স্থানীয়ভাবে উত্পাদিত এবং পুষ্টিকর খাদ্য ক্রয় করার এবং কৃষকদের প্রদান করা খাদ্য সম্পর্কে আরও জানতে তাদের সাথে কথা বলার সনির্বন্ধ অনুরোধ জানাই। তারা হল একটি জ্ঞানভান্ডার এবং তাদের কাহিনী, তাদের পারদর্শিতা এবং তাদের রান্নার পরামর্শ শেয়ার করার জন্য উন্মুখ! স্টেটের বহু বাজার এবং কৃষকেরা নিউ ইয়র্কের সমস্ত

উপভোক্তাদের কাছে তাদের খাদ্যগুলি আক্সেসযোগ্য করা নিশ্চিত করতে SNAP, FMNP এবং ফ্রেসকানেক্ট চেকস এর মতো কুপন প্রোগ্রামগুলিতেও অংশগ্রহণ করছে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন